বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩৯ তারিখঃ ০৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোহাম্মদ আরিফুর রহমান (পরিচিতি নং-৮৩০১০১০০৯), অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বিগত ১১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'কে মোবাইল ফোনে শারীরিক অসুস্থতার কথা অবহিত করেন। কিন্তু এর পরে অফিসের সাথে আর কোন যোগাযোগ করেননি। তার দু'টি মোবাইল নম্বর যথাক্রমে ০১৯১৪২২১৬৯১ এবং ০১৪০৪৭৩৮৮৪০ গত ১৩/০৫/২০২৩ খ্রিঃ তারিখ হতে বন্ধ থাকায় কোন প্রকার যোগাযোগ করা সম্ভব হয়নি। পরবর্তীতে তার বিনা অনুমতিতে অনুপস্থিতির বিষয়ে জবাব চেয়ে নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র স্মারক নং-৪২.০১.০০০০.০০৩.৩১.৪৪৭.২২-৩৮১ তারিখঃ ১৮/০৫/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলে বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রখানা তার পক্ষে তার ভাই জনাব মোঃ আফজালুর রহমান গত ১৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখে গ্রহণ করেন। নির্ধারিত সময়ে তার নিকট হতে কোন জবাব না পাওয়ায় নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র স্মারক নং-৪২.০১.০০০০.০০৩.৩১.৪৪৭.২২-৪০১ তারিখঃ ৩১/০৫/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় পুনরায় পত্র প্রেরণ করা হয়, যা তার পক্ষে তার স্ত্রী শান্তা ইসলাম গত ০৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখে গ্রহণ করেন। তদুপরি কোন জবাব না পাওয়ায় একই দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৩.৩১.৪৪৭.২২-৪৪৬ তারিখঃ ১৯/০৬/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় পুনরায় পত্র প্রেরণ করা হয়, যা তার পক্ষে তার স্ত্রী শান্তা ইসলাম গত ২০/০৬/২০২৩ খ্রিঃ তারিখে গ্রহণ করেন। এতদপ্রেক্ষিতেও অদ্যাবধি তার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি। সে অনুযায়ী উক্ত কর্মচারীর বিগত ১১.০৫.২০২৩ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে অনুপস্থিতি সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩১৭ তারিখঃ ২৬/০৯/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা আনয়নপূর্বক কার্যধারা সূচনা করতঃ ১০ কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য উক্ত পত্রখানা তার বর্তমান ঠিকানায় অর্থাৎ জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, মহল্লা- ধলপুর, বাড়ি নং-৬০/৯/F-খ, জনাব খালেকুজ্জামান গলি, আদর্শ নগর মসজিদ সংলগ্ন, জনাব সফিকদের বাড়ি (৫ম তলা), যাত্রাবাড়ি, ঢাকা'র ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, গ্রাম-পশ্চিম কেরোয়া, ডাকঘর- হাজীবাড়ী, থানা- রায়পুর, জেলা-লক্ষ্মীপুর এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রখানা "Not Known" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরৎ এসেছে। কিন্তু স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রখানা অত্র দপ্তরে ফেরৎ আসেনি এবং কোন জবাবও পাওয়া যায়নি।

২। অতঃপর জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩৯৩ তারিখ: ০৭-১১-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৫২২ তারিখ: ২৩-১২-২০২৪ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নিমিত্তে উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ (১) জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, মহল্লা- ধলপুর, বাড়ি নং-৬০/৯/F-খ, জনাব খালেকুজ্জামান গলি, আদর্শ নগর মসজিদ সংলগ্ন, জনাব সফিকদের বাড়ি (৫ম তলা), যাত্রাবাড়ি, ঢাকা; (২) জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, গ্রাম-পশ্চিম কেরোয়া, ডাকঘর- হাজীবাড়ী, থানা- রায়পুর, জেলা-লক্ষ্মীপুর এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। সেই সাথে উক্ত নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। ইতোমধ্যে কর্মস্থলের ঠিকানায় প্রেরিত পত্রখানা "প্রাপককে না পাওয়ায় বিধায় ফেরৎ প্রদান" এবং স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রখানা "প্রাপক না থাকায় ফেরত" মন্তব্য সহকারে ফেরৎ আসে।

অঃপৃঃদ্রঃ

E:\Quddus\OO.Dismiss.docx28

৪। জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা তার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় এবং চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকায় তার বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১১.০৫.২০২৩ খ্রি: তারিখ হতে তার উপর বাপাউবোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১১.০৫.২০২৩ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৬/০২/২০২৫

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩৯(৬)

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর/নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৬। (ক) জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, মহল্লা- ধলপুর, বাড়ি নং-৬০/৯/F-খ, জনাব খালেকুজ্জামান গলি, আদর্শ নগর মসজিদ সংলগ্ন, জনাব সফিকদের বাড়ি (৫ম তলা), যাত্রাবাড়ি, ঢাকা।
(গ) জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ, গ্রাম-পশ্চিম কেরোয়া, ডাকঘর- হাজীবাড়ী, থানা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর।

১৬/০২/২০২৫

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপপরিচালক
পরিচিতি নং-৭১১২১৬০০১

ডায়েরী নং ২০৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহয় কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ১৯/২/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৯/০২/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\OO.Dismiss.docx29